



ইরান সংঘাত থামাতে যুক্তরাষ্ট্র-ইসরায়েলকে আহ্বান পুতিনের



পুতিন। ছবি: সংগৃহীত

ইরানকে ঘিরে চলমান যুদ্ধ পরিস্থিতি নিয়ে বক্তব্য দিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে টেলিফোনে কথা বলার পর এক বিবৃতিতে তিনি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলকে দ্রুত যুদ্ধ ও সহিংসতা বন্ধ করার আহ্বান জানিয়েছেন। পাশাপাশি সংকট সমাধানে কূটনৈতিক পথে ফিরে আসার কথাও বলেছেন তিনি।

শনিবার বাংলাদেশ সময় রাত তিনটার দিকে পুতিন ও পেজেশকিয়ানের মধ্যে ফোনালাপ হয়। এ সময় ইরানের সাবেক সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত হওয়ার ঘটনায় শোক প্রকাশ করেন পুতিন। জবাবে পেজেশকিয়ান বর্তমান যুদ্ধ পরিস্থিতি এবং সাম্প্রতিক ঘটনাবলি সম্পর্কে রুশ প্রেসিডেন্টকে অবহিত করেন।

ফোনালাপের কিছুক্ষণ পর রাশিয়ার প্রেসিডেন্টের দপ্তর ক্রেমলিন থেকে একটি বিবৃতি প্রকাশ করা হয়। এতে বলা হয়, ইরানে চলমান সহিংসতা দ্রুত বন্ধ হওয়া প্রয়োজন। একই সঙ্গে ইরান ও মধ্যপ্রাচ্যকে ঘিরে তৈরি হওয়া সংকট সমাধানে সামরিক শক্তির বদলে রাজনৈতিক ও কূটনৈতিক পথ অনুসরণের ওপর জোর দিয়েছে রাশিয়া।

বিবৃতিতে আরও বলা হয়, ইরান এবং উপসাগরীয় অঞ্চলের বিভিন্ন দেশের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছেন প্রেসিডেন্ট পুতিন। পেজেশকিয়ানের সঙ্গে আলোচনায় তিনি ইরানের সার্বভৌমত্ব, স্বাধীনতা ও মর্যাদা রক্ষার লড়াইয়ের প্রতি সংহতি প্রকাশ করেছেন।

ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে গত ৬ ফেব্রুয়ারি থেকে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত তেহরান ও ওয়াশিংটনের মধ্যে টানা ২১ দিন আলোচনা চলে। তবে কোনো সমঝোতা ছাড়াই সেই সংলাপ শেষ হয়। এর পরদিন ২৮ ফেব্রুয়ারি ইরানে ‘অপারেশন এপিক ফিউরি’ নামে সামরিক অভিযান শুরু করে যুক্তরাষ্ট্র। একই সময়ে ইসরায়েলও ‘অপারেশন রোয়ারিং লায়ন’ নামে পৃথক অভিযান চালায়।

এর পাশ্চাত্য প্রতিদ্বন্দ্বিতায় ইসরায়েল এবং মধ্যপ্রাচ্যে থাকা মার্কিন সেনাঘাঁটিগুলো লক্ষ্য করে দফায় দফায় ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালাচ্ছে ইরান। আন্তর্জাতিক বিভিন্ন গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, এই সংঘাতে ইরানকে গোয়েন্দা সহায়তা দিচ্ছে রাশিয়া।